




সভাপতি মোঃ আবুবকর সিদ্দিক  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
সভার তারিখ ২২-০৯-২০২০, মঙ্গলবার  
সভার সময় ১২.০০  
স্থান সভা কক্ষ  
উপস্থিতি পরিশিষ্ট -ক কর্মকর্তাদের উপস্থিতি

২০২০ - ২০২১ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন, অগ্রগতি ও মূল্যায়ন এবং ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ( জুলাই হতে সেপ্টেম্বর ২০২০ ) প্রণয়নের বিষয় নৈতিকতা কমিটির আহ্বায়ক ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক জনাব আবুবকর সিদ্দিক (অতিরিক্ত সচিব) এর সভাপতিত্বে সভাকক্ষে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়াদি সভায় উপস্থাপন করার জন্য সদস্য-সচিবকে আহ্বান জানান। সভায় সদস্য-সচিব ২০২০ - ২০২১ অর্থবছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ১৩টি সূচকের কার্যক্রম সমূহের মধ্যে বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন বিষয়সমূহ উপস্থাপন করেন। বিষয়াদি আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

নং	কার্যসমূহ	বাস্তবায়ন সম্পর্কিত তথ্য	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১।	০৯-০৬-২০ ২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অনুমোদন।	০৯-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে প্রয়োজনীয় সংশোধন না থাকায় তা অনুমোদন ও দৃষ্টিভঙ্গির বিষয় সভায় সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	০৯-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার অনুমোদন ও দৃষ্টিভঙ্গি করা হয়।	নৈতিকতা কমিটি
২।	২০২০ -২০২১ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তা/কর্ম চারীদের দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন	২০২০ -২০২১ অর্থ বছরের গণগ্রন্থাগার অধিদপ্তর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা ও শাখা পর্যায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয় দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।	সকল পর্যায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের পদক্ষেপ গ্রহণ করতে হবে।	লাইবেরিয়ান/ সহকারী পরিচালক ( পরিসংখ্যান ) ও সহকারী পরিচালক  (প্রশাসন ও হিসাব )

৩।	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক নীতিমালাসমূহ আরও হালনাগাদকরণ।	বই ধার, বই ছাঁটাই, বই ক্রয় নীতিমালা হালনাগাদ করার লক্ষ্যে পুনরায় মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা এবং গ্রন্থাগার চত্বর ব্যবহারে নীতিমালা আপডেট করার বিষয় সভায় আলোচনা হয়।	বই ধার, বই ছাঁটাই, বই ক্রয় নীতিমালাসমূহের খসড়া পুনরায় তাগিদ পত্র মন্ত্রণালয়ে প্রেরণ করার ও গ্রন্থাগার চত্বর ব্যবহারে নীতিমালা আপডেট করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।	লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান) ও সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব)
৪।	ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন	২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য ৫০% সম্পাদনের জন্য ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা রয়েছে বিধায় দ্রুত ই-টেন্ডারের মাধ্যমে ক্রয়ের প্রক্রিয়া চালু করার জন্য সভায় আলোচনা হয়।	ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় প্রক্রিয়া চালু করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব) ও সভাপতি ই-টেন্ডার কমিটি
৫।	স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণের লক্ষ্যে সিটিজেনস্ চার্টার বাস্তবায়ন।	২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী গণগ্রন্থাগার অধিদপ্তর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, বিভাগীয়, জেলা পর্যায়ের গণগ্রন্থাগারের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদ করাসহ বাস্তবায়নের বিষয় সভায় আলোচনা হয়।	২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী সকল গণগ্রন্থাগারের সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে বাস্তবায়নের জন্য পত্র দিতে হবে।	লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান)

  
 মোঃ আবুবকর সিদ্দিক  
 মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪৩.২৬.০০০০.০০৮.১৬.০০১.১৯.৫৭

তারিখ: ৮ আশ্বিন ১৪২৭


২৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (যুগ্মসচিব), পরিচালক (লাইব্রেরি, উন্নয়ন ও আইটি), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৩) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৪) লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, প্রশাসন ও হিসাব এবং রক্ষণাবেক্ষণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



- ৬) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী/জুনিয়র লাইব্রেরিয়ান (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৭) রিডিং হল এ্যাসিস্টেন্ট, সংগ্রহ ও বিতরণ শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর
- ৮) রিডিং হল এ্যাসিস্টেন্ট, পরিসংখ্যান ও ওয়েব পোর্টাল শাখা, গণগ্রন্থাগার অধিদপ্তর



ফাতেমা খাতুন  
লাইব্রেরিয়ান / সহকারী পরিচালক